

ADIC Planning
SCA-কো. website-ব
২৭/০৬/১৬
৩০/৬/১৬

প্রেস বিজ্ঞপ্তি

বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর দপ্তরের সাথে আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর

গাজীপুর, ১৪ আষাঢ়, ১৪২৩ বঃ; ২৮ জুন, ২০১৬ খ্রি:

সরকারের রূপকল্প যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি এর বিভিন্ন দপ্তর/ সংস্থার মাঝেও কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। এরই অংশ হিসাবে সরকারি কর্মচারীদের দক্ষতা, দায়বদ্ধতা বৃদ্ধির মাধ্যমে অতীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর দপ্তরের সাথে আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের সিদ্ধান্ত গৃহীত হয়।

আজ মঙ্গলবার পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী এর কার্যালয়ে আঞ্চলিক অফিসের সাথে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়।

জনাব এস. এম. সিরাজুল ইসলাম, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন এই চুক্তি স্বাক্ষরের মাধ্যমে সরকারি কার্যক্রম সম্পাদনে সর্বোচ্চ গতিশীলতা, দায়বদ্ধতা এবং সমন্বয়ের মাধ্যমে গণমুখী কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি গড়ে উঠবে যার ফলে সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জন সহজ হবে।

বীজ প্রত্যয়ন এজেন্সীর সদর দপ্তরের সাথে ০৭ (সাত) টি আঞ্চলিক অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সদর দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সাত অঞ্চলের আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসারগণ উপস্থিত ছিলেন।

আমিনা বেগম
২৮/৬/১৬
প্রকাশনা অফিসার (অ.দা.)
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর- ১৭০১।